# Times Today BD

মো. নাঈম | বরিশাল | 06 April, 2025

অস্ত্র মামলায় ঝালকাঠি জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি সৈয়দ হাদিসুর রহমানকে ১৪ বছরের সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত।একই সঙ্গে তাকে ১০ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও ছয় মাসের কারাদণ্ডের আদেশ দেওয়া হয়েছে।

ঝালকাঠি বিশেষ ট্রাইব্যুনাল-১ এর বিচারক সিনিয়র জেলা ও দায়রা জজ মো. রহিবুল ইসলাম গত ১৮ মার্চ এ রায় ঘোষণা করেন।রায় ঘোষণার সময় আসামি হাদিসুর রহমান পলাতক ছিলেন।

সরকারি কৌঁসুলি (পিপি) মাহেব হোসেন বিষয়টি নিশ্চিত করে বলেন, আদালত সুনির্দিষ্ট সাক্ষ্যপ্রমাণের ভিত্তিতে এ রায় দিয়েছেন এবং ন্যায়বিচার প্রতিষ্ঠিত হয়েছে।

মামলার সংক্ষিপ্ত বিবরণে জানা যায়, ২০২০ সালের ১৫ জানুয়ারি রাত দেড়টার দিকে শহরের ডাক্তার পট্টি এলাকার নিজ ফ্ল্যাট থেকে হাদিসুর রহমানকে একটি অবৈধ আগ্নেয়াস্ত্র ও গুলিসহ আটক করে পুলিশ।পরদিন, ১৬ জানুয়ারি ঝালকাঠি সদর থানার উপপরিদর্শক (এসআই) দেলোয়ার হোসেন বাদী হয়ে অস্ত্র আইনে মামলা দায়ের করেন।তদন্ত শেষে একই বছরের ৪ ফেব্রুয়ারি আদালতে অভিযোগপত্র দাখিল করে পুলিশ।মামলায় মোট আটজন সাক্ষী আদালতে সাক্ষ্য দিয়েছেন।

আসামিপক্ষের আইনজীবী মল্লিক নাসির উদ্দীন বলেন, “আমার মক্কেল হাদিসুর রহমানের অনুপস্থিতিতে এ রায় ঘোষণা করা হয়েছে।আমরা উচ্চ আদালতে এ রায়ের বিরুদ্ধে আপিল করব।”

উল্লেখ্য, হাদিসুর রহমান ঝালকাঠি শহরের পূর্ব চাঁদকাঠি ইউসুফ আলী খান সড়কের বাসিন্দা ও সৈয়দ দেলোয়ার হোসেনের ছেলে।

অস্ত্র মামলা ছাত্রলীগ কারাদণ্ড

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:04

URL: https://www.timestodaybd.com/public/barishal/725178392